

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১১, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.১৬৮.২০১২-১১৭৭—যেহেতু, জনাব মাও: আব্দুল বারী, চেয়ারম্যান, শ্যামনগর উপজেলা পরিষদ (সাময়িক বরখাস্ত), সাতক্ষীরা কর্তৃক গত সেপ্টেম্বর, ২০১৪ খ্রি: তারিখ হতে জানুয়ারি, ২০১৫ খ্রি: পর্যন্ত উপজেলা পরিষদের পর পর ৫ (পাঁচ)টি মাসিক সভায় অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(১)(ক) এর অপরাধে একই আইনের ১৩(২) ধারা অনুযায়ী কারণ দর্শানোর প্রেক্ষিতে বর্ণিত অভিযোগের যে জবাব তিনি দাখিল করেছেন তাতে সুনির্দিষ্ট কারণ ছাড়াই বর্ণিত সময়ে উপজেলা পরিষদের পর পর ৫ (পাঁচ)টি মাসিক সভায় অনুপস্থিত থাকার কথা তিনি স্বীকার করেছেন;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানী প্রদানের জন্য নোটিশ প্রেরণ ও জারি করা সত্ত্বেও তিনি ব্যক্তিগত শুনানীতে হাজির হননি;

যেহেতু তিনি সেপ্টেম্বর, ২০১৪ খ্রি: তারিখ হতে জানুয়ারি, ২০১৫ খ্রি: পর্যন্ত উপজেলা পরিষদের মোট ৫ (পাঁচ)টি সভায় উপযুক্ত কারণ ব্যতীত অনুপস্থিত থেকেছেন যার অভিযোগে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(ক) ধারায় তাঁকে দোষী সাব্যস্ত করা হয়েছে, সেহেতু সরকার জনস্বার্থে তাকে তাঁর স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(২) অনুসারে সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলা পরিষদ চেয়ারম্যান (সাময়িক বরখাস্ত) জনাব মাও: আব্দুল বারীকে শ্যামনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

ড. জুলিয়া মঈন  
সিনিয়র সহকারী সচিব।

মাও: আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাও: আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(৮-২৫৯)

মূল্য : টাকা ৪.০০